

যাপিত সময় মাহমুদা রুন্না

কোন ব্যতিক্রম নেই
সময়ের পারদ উঠছে নামছে
নদীরা সাগরে আত্মহুতি দিচ্ছে।

একটু যেন বেশী
সঙ্কুচিত হচ্ছে ভূগোলকের পরিধী,
প্রিয় সংলাপ চলে যাচ্ছে অন্ত অবধী,
নিমেষে। অনিমেষে কাল গোনা নিরবধী।

আমরা বলছি গ্লোবালাইজেশন।
খুব যেন দ্রুত বদলে যাচ্ছে দৃশ্যপট।

শিশুরা দুধে মেলামাইন
আর জীবন রক্ষাকারী ঔষুধে
সেবন করছে বিষ, আরোহিত নিশ্চিত মৃত্যুশকট।

দিন বদলের ডাক দিচ্ছি
শ্লোগান ধরেছি -
“বদলে যাও, বদলে দাও “
বদলে দিচ্ছি শিশুর বেঁচে থাকার নিশ্চয়তা,
বদলে যাচ্ছে আইনের প্রণয়ন।
সহস্র শিশুর জীবন কেড়ে নিচ্ছি।
সংসদ ক্রমশঃ স-সদের আয়োজন।

খাদ্যে বিষ মেশানোর ক্রিয়া
যেখানে নিত্য আহারের প্রক্রিয়া।
প্রজনকে ঠেলে দেয়া নিশ্চিত পঙ্গুত্বের, মরণের,
ধ্বংসের পথে; ভয়াবহ জীবন ধারণের।
সেখানে ডিজিটাল বাংলাদেশ ???
যেন বিদ্রুপ বিদ্রেষ।

এইতো যাপিত সময়।
এখানে স্বপ্নের পারদ উঠে নামে
হতাশার অঙ্কে যেয়ে থামে।
দেখা হয়না কাংখিত সংসদ,
রক্তের দামে কেনা পরিষদ,
অন্ধকারে ঢেকে থাকে ভবিষ্যৎ।
তবুও আমরা হাসি
এই দেশটাকেই ভালবাসি।
এইতো আমাদের যাপিত সময়।